

# HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

## সংবাদ বিবৃতি

### পুলিশ হেফাজতে মৃত্যুর অভিযোগ

হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)-এর সুষ্ঠু তদন্ত ও বিচার নিশ্চিত করার জোর দাবি

[২ মে ২০২১, ঢাকা] গত সাতদিনের মধ্যে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর হেফাজতে তিনজনের মৃত্যুর অভিযোগ উঠেছে। নওগাঁর পত্তীতলা উপজেলায় পারিবারিক বিরোধ মীমাংসা করার জন্য থানায় ডেকে হামিদুর রহমান (৫৫) নামে এক ব্যক্তিকে পুলিশ মারধর করে আহত করার অভিযোগ উঠেছে। দুদিন পর তাঁর শারীরিক অবস্থার অবনতি হলে গত ২৫ এপ্রিল তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়, যেখানে তিনি মৃত্যুবরণ করেন। অন্যদিকে চাঁপাইনবাবগঞ্জে গোয়েন্দা পুলিশের অভিযানে আটকের পর সানাউল হক বিশ্বাস (৪৪) নামে এক ব্যক্তির মৃত্যু হয়েছে। আবার ০১ মে ফরিদপুরে গোয়েন্দা পুলিশের হেফাজতে আবুল হোসেন মোল্লা (৪৮) নামে এক ব্যক্তি মৃত্যুবরণ করেন। এ ঘটনাগুলোর প্রতিটি ক্ষেত্রে পুলিশ হেফাজতে নির্যাতনের কারণে মৃত্যু ঘটেছে বলে পরিবার অভিযোগ করেছে। হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) পুলিশের নির্যাতনে মৃত্যুর এমন অভিযোগ উঠায় গভীর উদ্বেগ প্রকাশ করছে এবং আইনের শাসন ও মানবাধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে এসব অভিযোগের সুষ্ঠু তদন্ত ও ন্যায়বিচার নিশ্চিত করার জোর দাবি জানাচ্ছে।

প্রায়শই আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর বিরুদ্ধে এ ধরণের নির্যাতন ও হত্যার অভিযোগ উঠলেও সেগুলোর তদন্ত ও বিচার প্রক্রিয়ায় কোনো প্রকার নিরপেক্ষতা এবং স্বচ্ছতা নেই। আইন সালিশ কেন্দ্র (আসক) এর তথ্য অনুযায়ী, গত ২০২০ সালে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর হেফাজতে নির্যাতনে ১৬ জন নিহত হওয়ার অভিযোগ উঠেছে। এসব ঘটনার নিয়মিত মামলা গ্রহণে বাধা, সুষ্ঠু তদন্ত ও ন্যায়বিচার নিশ্চিত না হওয়ায় মানবাধিকার লজ্জনের দায়হীনতার সংস্কৃতি তীব্রতর হচ্ছে। আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর দ্বারা নির্যাতন ও মৃত্যুর ঘটনা বিচারের জন্য ২০১৩ সালে নির্যাতন ও হেফাজতে মৃত্যু (নিবারণ) আইন প্রণয়ন করা হয়েছে। গত আট বছরে বহু সংখ্যক অভিযোগ উৎপাদিত হলেও বিভিন্ন প্রতিকূলতার মধ্যে এখন পর্যন্ত প্রায় ২০টি মামলা দায়ের হয়েছে। এখানে উল্লেখ্য, এ ২০টি মামলার মধ্যে কেবল একটি মামলায় বিচারিক কার্যক্রম শেষে রায় প্রদান করা হয়েছে।

ফোরাম উপরোক্ত তিনটি ঘটনার ক্ষেত্রে নির্যাতন ও হেফাজতে মৃত্যু (নিবারণ) আইন, ২০১৩ এর ৭ ধারার বিধান অনুসরণ করে সুষ্ঠু ও নিরপেক্ষভাবে তদন্ত করা, বিচারিক কার্যক্রম পরিচালনা করা এবং দায়ীদের আইনানুগ শান্তি ও ভুক্তভোগীর পর্যাপ্ত ক্ষতিপূরণ নিশ্চিত করার জোর দাবি জানাচ্ছে।

#### Secretariat:

Ain o Salish Kendra (ASK), 2/16, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: ৮১২৬০৪৭, ৮১২৬১৩৪, ৮১২৬১৩৭, Fax: ৮১২৬০৪৫

Email: ask@citechco.net web: [www.askbd.org](http://www.askbd.org)

#### Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), **Bandhu Social Welfare Society (BSWS)**, Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).